**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 04-06-2025** **Desk in Charge : SDG**
**Time : 7-50 P.M** **Compiling : Sudip B.**
**DEO : KB** **NR : Sudip B.**
**Announcement :-** আকাশবাণী, খবর পড়ছিঃ -

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ রাজ্য বিধানসভার অধিবেশন শুরুর আগে আগামীকাল সর্বদলীয় বৈঠক বসছে।

# সংসদের বাদল অধিবেশন শুরু হচ্ছে ২১শে জুলাই।

২/ নদীয়ার কালিগঞ্জ বিধানসভা আসনে উপনির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে নির্বাচন কমিশন তিনজন পর্যবেক্ষক নিয়োগ করেছে।

৩/ কেন্দ্রীয় সরকার ২০২৭ সালে দুই পর্বে জনগননা করার সিদ্ধান্ত নিয়েছে, পাশাপাশি চলবে জাতি গণনা'ও।

৪/ রাজ্যের মহিলা পরিচালিত ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগগুলিকে প্রশিক্ষণ ও সহায়তা দিতে রাজ্যজুড়ে শুরু হচ্ছে সমীক্ষা।

৫/ গরুমারা জাতীয় উদ্যান এবং চাপরামারি অভয়ারণ্যকে নিয়ে ঘোষিত 'ইকো সেন্সিটিভ জোন' রক্ষায় বিশেষ মনিটরিং কমিটি গঠন করছে রাজ্য সরকার।

৬/ ঘূর্ণাবর্তের প্রভাবে আগামী দুদিন উত্তরবঙ্গের কয়েকটি জেলায় ভারী বৃষ্টি চলবে।

# উত্তর সিকিমে আটকে পড়া পর্যটকদের উদ্ধারে সেনাবাহিনীর পাশাপাশি স্থানীয় বাসিন্দারা লাগাতার প্রয়াস চালিয়ে যাচ্ছেন।

*****************************************************************

রাজ্য বিধানসভার অধিবেশন শুরুর আগে আগামীকাল সর্বদলীয় বৈঠক বসছে। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়-এর পৌরহিত্যে দুপুরে এই বৈঠকে উপস্থিত থাকার জন্য ক্ষমতাসীন তৃণমূল কংগ্রেস এবং বিজেপি ও ISF-কে আমন্ত্রণ জানানো হয়েছে। বৈঠকের পর অধিবেশনের কার্যসূচী নিয়ে কার্য উপদেষ্টা কমিটির একটি বৈঠক বসবে।

উল্লেখ্য, রাজ্য বিধানসভার অধিবেশন শুরু হচ্ছে এ'মাসের ৯'তারিখ। বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বিল, অধিবেশনে আসতে পারে বলে মনে করা হচ্ছে।

**********************

সংসদের বাদল অধিবেশন জুলাই মাসের ২১ তারিখ শুরু হবে। নতুন দিল্লিতে আজ সাংবাদিকদের সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু বলেন, ১২-ই আগস্ট পর্যন্ত অধিবেশন চলবে।

(বাইট - রিজিজু)

পহেলগাঁও-এ জঙ্গি হামলায় ২৬ জনের মৃত্যু এবং তার প্রত্যুত্তরে ভারতের অপারেশন সিন্দুর অভিযানের পর সংসদের এটিই প্রথম অধিবেশন। এর আগে ওই জঙ্গি হামলার ঘটনার পর বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের নিয়ে বৈঠক করে সরকার।

**********************

নদীয়ার কালিগঞ্জ বিধানসভা আসনে উপনির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে নির্বাচন কমিশন তিনজন পর্যবেক্ষক নিয়োগ করেছে। একজন পুলিশ পর্যবেক্ষক, সাধারণ পর্যবেক্ষক এবং একজন নির্বাচনী ব্যয় সংক্রান্ত পর্যবেক্ষকের দায়িত্ব দেওয়া হয়েছে। সাধারণ পর্যবেক্ষক হিসেবে IAS শেষমণি পান্ডে, পুলিশ পর্যবেক্ষক হিসেবে ভূপেন্দ্র সাহুকে নিয়োগ করা হয়েছে। নির্বাচনী ব্যয় পর্যবেক্ষক হিসেবে নিযুক্ত হয়েছেন, ডক্টর শশাঙ্ক ওঝা।

**********************

নদীয়ার কালিগঞ্জ বিধানসভা আসনে উপনির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে নির্বাচন কমিশন তিনজন পর্যবেক্ষক নিয়োগ করেছে। একজন পুলিশ পর্যবেক্ষক, সাধারণ

পর্যবেক্ষক এবং একজন নির্বাচনী ব্যয় সংক্রান্ত পর্যবেক্ষকের দায়িত্ব দেওয়া হয়েছে। সাধারণ পর্যবেক্ষক হিসেবে IAS শেষমণি পান্ডে, পুলিশ পর্যবেক্ষক হিসেবে ভূপেন্দ্র সাহুকে নিয়োগ করা হয়েছে। নির্বাচনী ব্যয় পর্যবেক্ষক হিসেবে নিযুক্ত হয়েছেন, ডক্টর শশাঙ্ক ওঝা।

**********************

কেন্দ্রীয় সরকার ২০২৭ সালে দুই পর্বে জনগণনা করার সিদ্ধান্ত নিয়েছে, পাশাপাশি জাতি গণনা করাও হবে। ২০২৭ সালের পয়লা মার্চকে ভিত্তি বর্ষ ধরে এই গণনার কাজ চালানো হবে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক একটি বিবৃতিতে জানিয়েছে যে, লাদাখ এবং জম্মু ও কাশ্মীর, হিমাচল প্রদেশ এবং উত্তরাখণ্ডের বরফাবৃত এলাকাগুলোর জন্য ভিত্তি বর্ষ হবে ২০২৬ সালের পয়লা অক্টোবর। এই সংক্রান্ত বিজ্ঞপ্তি মাসের এ মাসের ১৬ তারিখে সরকারি গেজেটে প্রকাশিত হওয়ার সম্ভাবনা রয়েছে।

সর্বশেষ জনগণনা ২০১১ সালে দুটি পর্বে সম্পন্ন হয়েছিল। প্রথম পর্বে বাড়ির তালিকা এবং দ্বিতীয় পর্বে জনসংখ্যা গণনা করা হয়েছিল। আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, ২০২১ সালে জনগণনার কথা থাকেলেও, কোভিডের কারণে তা সম্পন্ন করা যায়নি।

**********************

পহেলগাঁওতে সন্ত্রাসবাদী হামলার প্রেক্ষিতে ‘অপারেশন সিন্দুর’ চলাকালীন সরকারি কর্মীদের ছুটি বাতিলের ঘোষণা করেছিল রাজ্য সরকার। ৭’ই মে জারি করা এই বিজ্ঞপ্তি আজ প্রত্যাহার করা হয়েছে। অর্থদপ্তর থেকে এক বিজ্ঞপ্তি প্রকাশ করে জানানো হয়েছে যে, এবার থেকে প্রয়োজন মতো কর্মীরা ছুটি নিতে পারবেন। তবে, জরুরী কারণে যদি কোন কর্মীকে ছুটি নিতে হয়, তাহলে ঊর্ধতন কর্তৃপক্ষকে লিখিতভাবে জানিয়ে অনুমতি নিতে হবে।

**********************

বর্ষীয়ান কংগ্রেস নেতা শঙ্কর মালাকার তৃণমূল কংগ্রেসে যোগ দিয়েছেন। দলের রাজ্য সভাপতি সুব্রত বক্সীর উপস্থিতিতে আজ তৃণমূল ভবনে দলীয় পতাকা হাতে তুলে নেন প্রাক্তন কংগ্রেস বিধায়ক। উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী অরূপ বিশ্বাস।

এদিকে, দার্জিলিং জেলা কংগ্রেস কমিটির সভাপতির পদ থেকে শঙ্কর মালাকারকে সরিয়ে দিয়েছে কংগ্রেস। সেই সঙ্গে জাতীয় কংগ্রেসের সমস্ত পদ থেকেও তাকে সরিয়ে দেওয়া হয়েছে বলে প্রদেশ কংগ্রেসের সভাপতি শুভঙ্কর সরকার আজ এক বিবৃতিতে জানিয়েছেন। এতে বলা হয়েছে, দার্জিলিং জেলা কংগ্রেসের রাজনৈতিক কর্মকাণ্ড পরিচালনা করার জন্য চার সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। সর্বভারতীয় কংগ্রেস কমিটির তরফ থেকে নির্দেশ না আসা পর্যন্ত ওই কমিটি দার্জিলিং জেলা কংগ্রেস এর সমস্ত কাজ পরিচালনা করবে বলে জানা গেছে।

শঙ্কর মালাকার, দুর্নীতির বিরুদ্ধে লড়াই করার মানসিকতা হারিয়ে ফেলেছেন বলে কংগ্রেস মুখপাত্র সৌম্য আইচ রায় মন্তব্য করেছেন।

( বাইট- সৌম্য )

***********************

রাজ্যের মহিলা পরিচালিত ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগগুলিকে প্রশিক্ষণ ও সহায়তা দিতে রাজ্য জুড়ে বড় মাপের সমীক্ষা শুরু হচ্ছে।

বিশ্বব্যাঙ্কের অনুদানপ্রাপ্ত 'রেইজিং অ্যান্ড অ্যাকসেলারেটিং এমএসএমই প্রোডাক্টিভিটি' বা র‍্যাম্প প্রকল্পের আওতায়, রাজ্য সরকার প্রায় ৫ হাজার মহিলা পরিচালিত MSME-র উপর এই সমীক্ষা চালাবে। রাজ্যের ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প ও বস্ত্র দফতর সূত্রে জানা গিয়েছে, মহিলা পরিচালিত MSME সংস্থাগুলিকে উৎসাহ দিতে সম্প্রতি একটি প্রস্তাব গ্রহণ করা হয়েছে। এর মাধ্যমে রাজ্যের সরকারি বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানগুলিকে এই প্রকল্পে যুক্ত করার পরিকল্পনা রয়েছে। পরবর্তী পর্যায়ে রাজ্যজুড়ে ৫০টি সচেতনতা শিবিরের আয়োজন করা হবে, যেখানে প্রতিটি শিবিরে কমপক্ষে ১০০ জন মহিলাকে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প, ডিজিটাল বিপণন ও আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ দেওয়া হবে। সবশেষে, ১০০-র বেশি MSME-কে বিশ্ব বাংলা, তন্তুজ

ও মঞ্জুষার মতো ই-কমার্স প্ল্যাটফর্মের সঙ্গে যুক্ত করে অনলাইন বিক্রির জন্য বিশেষ প্রশিক্ষণ ও সহায়তা দেওয়া হবে।

**********************

'বিকশিত কৃষি সংকল্প অভিযান'-এ **উত্তর দিনাজপুর** জেলার ইটাহার, রায়গঞ্জ হেমতাবাদ ও কালিয়াগঞ্জে কৃষকদের নিয়ে এক সচেতনতা শিবিরের আয়োজন করা হয়। ওই শিবিরে কৃষি বিজ্ঞানীরা মাটির পুষ্টি, জলবায়ু পরিবর্তন সহ নানান বিষয়ে কৃষকদের জানান। কোন্ চাষ লাভজনক হবে এবং কি জাতের বীজ ব্যবহার করতে হবে, কৃষকদের সে ব্যাপারে পরামর্শ'ও দেওয়া হয়।

কৃষিবিজ্ঞান কেন্দ্রের বিজ্ঞানী ধনঞ্জয় রায়, কৃষকদের মধ্যে কেন্দ্রীয় সরকারের 'বিকশিত ভারত কৃষি সংকল্প অভিযান' সম্পর্কে অবহিত করেন।

**********************

গরুমারা জাতীয় উদ্যান এবং চাপড়ামারি অভয়ারণ্যকে নিয়ে ঘোষিত পরিবেশ সংবেদনশীল এলাকা বা 'ইকো সেন্সিটিভ জোন' রক্ষায় বিশেষ মনিটরিং কমিটি গঠন করছে রাজ্য সরকার। কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রকের নির্দেশিকা অনুযায়ী কাজ করবে এই কমিটি। কমিটির অনুমোদন ছাড়া ওই এলাকায় কোন কাজ করা যাবেনা বলে সরকারি স্তরে স্পষ্ট বার্তা দেওয়া হয়েছে। জেলাশাসক হবেন কমিটির চেয়ারম্যান। গরুমারা ও চাপড়ামারি-উভয় ক্ষেত্রেই কমিটি চূড়ান্ত হওয়ার পর এলাকা চিহ্নিতকরণ এবং কার্যকলাপ মূল্যায়ণের কাজ দ্রুত শুরু হবে।

**********************

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দবোস, রাজ্যবাসীকে পরিবেশ রক্ষা এবং সংরক্ষণের গুরুত্ব সম্পর্কে সচেতন থাকার আহ্বান জানিয়েছেন। এক বার্তায় তিনি বলেন, প্রকৃতি ভোগের বস্তু নয়, বরং অতীতের উত্তরাধিকার এবং ভবিষ্যত প্রজন্মের জন্য এক অমূল্য ধন। তিনি জীব বৈচিত্র্য সংরক্ষণ ও সুরক্ষায় অঙ্গীকারবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন।

**********************

দার্জিলিং-এর লং ভিউ চা বাগানের কর্মীদের দৈনিক মজুরী, বেতন, পি এফ মেটানোর দাবীতে দীর্ঘদিন ধরে আন্দোলন করে আসছিলেন শ্রমিকরা। সমস্যা মেটাতে গতকাল শিলিগুড়ির শ্রমিক ভবনে রাজ্যের শ্রম আধিকারিকদের উপস্থিতিতে এক ত্রিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়।

আগামী ৪৫ দিনের মধ্যে কর্তৃপক্ষকে শ্রমিকদের দাবি দাওয়া নিয়ে পদক্ষেপ নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে বলে শ্রমিক সংগঠনের নেতা শমীক চক্রবর্তী জানিয়েছেন।

( বাইট- শমীক চক্রবর্তী )

**********************

পূর্ব বিহারের ওপর তৈরি হওয়া ঘূর্ণবর্তটি এখন উত্তর বাংলাদেশ এবং সন্নিহিত এলাকায় অবস্থান করছে।

এর ফলে আগামী দুদিন উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, আলিপুরদুয়ার এবং উত্তর দিনাজপুরে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। দক্ষিণবঙ্গের কলকাতা সহ বেশ কিছু জেলায় বিক্ষিপ্ত ভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি এবং দমকা হাওয়া বয়ে যেতে পারে বলে আকাশবাণীকে জানিয়েছেন আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস।

( বাইট- হাবিবুর )

**********************

উত্তর সিকিমে আটকে পড়া পর্যটকদের উদ্ধারে সেনাবাহিনীর পাশাপাশি স্থানীয় বাসিন্দারা লাগাতার প্রয়াস চালিয়ে যাচ্ছেন।

পর্যটনের অন্যতম প্রধান কেন্দ্র লাচেন গ্রামটি সম্পূর্ণরূপে বিচ্ছিন্ন হয়ে গেছে। সেখানে আটকে রয়েছেন ১১৩ জন পর্যটক।

অন্যদিকে চাতেনের সেনা শিবিরে ভূমি ধসে নিখোঁজ ছয় সেনা কর্মীকে খুঁজে বের করার জন্য তৎপরতা জারি রয়েছে।

**********************

কালীঘাট এলাকা থেকে ধৃত বাংলাদেশী অনুপ্রবেশকারী আজাদ শেখ এবং তার পরিচিত জাফর শেখকে আরো জেরার প্রয়োজন বলে পুলিশ জানিয়েছে।

ওই দুজনকে আজ আদালতে তোলা হলে, ফের ১৪ দিনের জেল হেফাজত হয়েছে।

এই চক্রটি বাংলাদেশ এদেশে আসা অনুপ্রবেশকারীদের ভুয়ো পরিচয় পত্র তৈরী করে দিত বলে জানা গেছে।

*******************************************************************